



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি/১৫৯৮ (ক-৩)/২০০৬(অংশ-১)/৬৩১/৬

তারিখঃ

০৮/০৪/১৪২৭ বঙ্গাব্দ
২৬/০৮/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বকেয়া বেতন প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সখিপুর আবাসিক মহিলা কলেজের গ্রন্থাগারিক জনাব মোঃ আঃ ছবুর তাং (ইনডেক্স নম্বর-৮৩১৭৫১)। গত ০৪/০৪/২০০১ খ্রি. তারিখে তিনি কলেজে গ্রন্থাগারিক পদে যোগদান করেন এবং অক্টোবর/২০০১ তারিখে এমপিওভুক্ত হন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বিধিমালা অনুসারে গ্রন্থাগারিক সায়েন্স ডিপ্লোমা কোর্স সম্পন্ন করে ৯ম কোডে বেতন পেয়েছেন। কিন্তু তাকে ৯ম কোডে বেতন উত্তোলন করতে না দিয়ে ১০ম কোর্ডে বেতন উত্তোলন করানো হয়েছে। তিনি অক্টোবর/২০০১ তারিখ থেকে জানুয়ারী/২০১৩ পর্যন্ত মোট= ১,১৯,৬৬৭/- (এক লক্ষ উনিশ হাজার ছয়শত ষাতষষ্টি) টাকা বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

“বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.৫ ধারা অনুসারে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আর্থিক দায়-দায়িত্ব বহন করবে”।

এমতাবস্থায়, জনাব মোঃ আঃ ছবুর তাং (ইনডেক্স নম্বর-৮৩১৭৫১), গ্রন্থাগারিক এর বকেয়া বেতন-ভাতা সরকারি অংশ প্রাপ্তির বিষয়টি জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৮.৫ ধারা অনুযায়ী অধ্যক্ষ এবং গভর্নিং বডির এখতিয়ারভুক্ত। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

AKC 23.08.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং- ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

সখিপুর আবাসিক মহিলা কলেজ
সখিপুর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, সখিপুর আবাসিক মহিলা কলেজ, সখিপুর, টাঙ্গাইল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৫। জনাব মোঃ আঃ ছবুর তাং, গ্রন্থাগারিক, সখিপুর আবাসিক মহিলা কলেজ, সখিপুর, টাঙ্গাইল।
- ৬। সংরক্ষণ নথি।